গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আলমগীর মুহম্মদ মনসুরুল আলম, মহাপরিচালক, (গ্রেড-১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |
| তারিখ | : | ৩১/০৩/২০২১ |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | হোপ কনফারেন্স হল, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |

আলোচ্য বিষয়:

১. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী সম্পর্কিত আলোচনা।
২. জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ বাছাই সম্পর্কিত আলোচনা।
৩. শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন সম্পর্কিত আলোচনা।
৪. বিবিধ।

সভাপতি উপস্থিত সকল অংশগ্রহণকারী কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সভার প্রেক্ষাপট বর্ণনা করে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের উপর গুরুত্বরোপ করেন।পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ধারাবাহিকভাবে সভার আলোচ্য বিষয়গুলি উপস্থাপনের জন্য জনাব রোখসানা হায়দার, শিক্ষা অফিসারকে আহবান করেন।
সভার আলোচ্য বিষয়াবলী নিম্নরুপ:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী সম্পর্কিত আলোচনা। | ১। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.৩১.০০১.২০-০৬ তারিখ ০৭/০১/২০২১ এ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীর ক্রমিক নং-১, মোতাবেক ওয়েবসাইটের সেবাবক্সগুলো নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়ে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, পরিচালক (আইএমডি) এর দৃষ্টি আকর্ষন করলে তিনি জানান তথ্য সরবরাহ করা হলে তিনি তা আপলোডের ব্যবস্থা নেন। | ১। ওয়েবসাইটের সকল সেবাবক্স প্রতিমাসেই হাল নাগাদ করতে হবে। প্রত্যেক বিভাগের পরিচালকগণ আপলোডযোগ্য তথ্যসমূহ যথাসমূহে আইএমডিতে প্রেরণ করবেন।<br>বাস্তবায়ন: পরিচালক (সকল)। |
| | | ক্রমিক নং-২ এ অনলাইনে প্রাপ্ত/GRS এ প্রাপ্ত অভিযোগগুলি ইতোপূর্বে উপপরিচালক (সংস্থাপন) জনাব দেলোয়ার হোসেন ফোকাল পার্সন হিসেবে দায়িত্ব পালন করেছেন। তাঁর PRL জনীত কারনে বর্তমানে ফোকাল পার্সন নিয়োগ করা প্রয়োজন মর্মে পরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন। যেহেতু অফলাইনে অভিযোগগুলো তদন্ত ও শৃঙ্খলা শাখায় নিষ্পন্ন করা হয়ে থাকে সেহেতু অনলাইনে অথবা GRS এ প্রাপ্ত অভিযোগগুলো তদন্ত ও শৃঙ্খলা শাখায় নিষ্পন্ন হওয়া বাঞ্চনীয়। সেক্ষেত্রে জনাব সৈয়দা মাহফুজা বেগম, সহকারি পারিচালক (তদন্ত ও শৃঙ্খলা)কে ফোকাল পার্সন/ GRS কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব প্রদানের জন্য সদস্যগণ সভায় একমত পোষন করেন। | ২। অনলাইনে অথবা GRS এ প্রাপ্ত অভিযোগুলো তদন্ত ও শৃঙ্খলা শাখার সহকারি পরিচালক জনাব সৈয়দা মাহফুজা বেগম, ফোকাল পার্সন/ GRS কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।<br>বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন) ও পরিচালক (মনিটরিং মূল্যায়ন)। |
| | | ক্রমিক নং-৩ মোতাবেক চলমান উন্নয়ন প্রকল্পগুলো প্রতি ত্রৈমাসিক পরিদর্শন করা হচ্ছে এবং প্রতিবেদনের উপর ব্যবস্থা নেয়া হচ্ছে মর্মে সভায় পরিচালক (প্রশাসন) অবহিত করেন। | ৩। পরিদর্শন প্রতিবেদন মোতাবেক ফলোআপ অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/পরিচালক (প্রশাসন)। |
| | | ক্রমিক নং- ৬ ও ৭ মোতাবেক আলোচনায় পরিচালক (প্রশাসন) জানান যে নথির শ্রেণিবিন্যাস ও নথি বিনষ্টকরণ একটি নিয়মিত প্রক্রিয়া সে মোতাবেক পরিচালকগণ নতুন নথি খোলা এবং সচিবালয় নির্দেশমালা মোতাবেক নথি বিনষ্টকরণের কার্যক্রম অব্যাহত রেখেছেন মর্মে সভায় অবহিত করেন। | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণিবিন্যাস এবং বিনষ্টকরণ করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (সকল)। |
| | | ক্রমিক নং- ৮ এর (গ) ও (ঘ) মোতাবেক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাগণের ডাটাবেজ সম্পন্ন হয়েছে এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে এবং শারীরিক শিক্ষা চারু ও চারু কলা এবং সংগীত বিষয় | ক্রমিক নং-৮ (ঘ) মোতাবেক কার্যক্রম দুত সমাপ্ত করতে হবে।<br>বাস্তাবয়ন: পরিচালক (প্রশিক্ষণ)। |

| | | | |
|---|---|---|---|
| | | শিক্ষাক্রম পরিমার্জন ও শিক্ষক নির্দেশিকা প্রণয়নের কাজ কারিকুলাম রিভিশন হলে দুত সম্পন্ন করা হবে মর্মে সভায় অবহিত করা হয়। | |
| ২ | জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ বাছাই সম্পর্কিত আলোচনা। | ২। জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০১৭ এর আলোকে দপ্তর প্রধানগণ স্ব স্ব অধিক্ষেত্রে চলতি অর্থ বছরের জন্য গ্রেড ভিত্তিক কর্মকর্তা/কর্মচারী বাছাই করবেন মর্মে সভায় আলোচনা করা হয়। সেক্ষেত্রে মাঠ পর্যায় থেকে ধাপে ধাপে কর্মকর্তা/কর্মচারী বাছাই পূর্বক আগামী ৩০ মে/২০২১ এর মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে পরিচালক (প্রশাসন) সভায় প্রস্তাব করেন। কর্মকর্তাদের পুরস্কার প্রদানের নিমিত্তে বাজেটের পর্যাপ্ত সংস্থান রয়েছে কি না সে বিষয়ে পরিচালক (প্রশাসন) ও পরিচালক (অর্থ) সমন্বয় করে মহাপরিচালকের সম্মতিক্রমে মাঠপর্যায়ে পত্র প্রেরণ করতে পারেন মর্মে সভায় আলোচনা করা হয়। মহাপরিচালক কর্মকর্তা/কর্মচারী বাছাইয়ে যেন নীতিমালার কোনরুপ ব্যত্যয় না ঘটে সে দিকে সংশ্লিষ্ট কমিটিকে তৎপর হতে অনুরোধ জানান। | আগামী ৩০ মে/২০২১ এর মধ্যে সকল কর্মকর্তা- কর্মচারী বাছাই করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে। পরিচালক (প্রশাসন) এ সংক্রান্ত একটি নির্দেশনা মাঠপর্যায়ে প্রেরণ করবেন।<br>বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক ও পরিচালক (প্রশাসন)। |
| ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন সম্পর্কিত আলোচনা। | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর আলোকে ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত প্রদান করা হচ্ছে মর্মে উপপরিচালক (সংস্থাপন) সভায় অবহিত করেন। সুশাসন নিশ্চিত করতে শুদ্ধাচার কর্মপরিকল্পনা/২০২১ এ গৃহীত সকল কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়নের জন্য পরিচালক (প্রশাসন) সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ০৫/০৪/২০২১ তারিখের মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন) |

৪। বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩১/৩/২২

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
ফোন: ০২-৫৫০৭৪৭৭৭
dgprimarybd@gmail.com
ফ্যাক্স: ৫৫০৭৪৯০৪

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৩.২০২০-১০৭

তারিখ: ১৭ চৈত্র, ১৪২৭।
৩১ মার্চ, ২০২০।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি বিবরণ :
১। পরিচালক (সকল)/ প্রকল্প পরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ( সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা।
৪। জনাব-------------------------------------------------------------------------------।
৫। অফিস কপি।

৩১/৩/২২
মো: নজরুল ইসলাম
সহপরিচালক (সাধা: প্রশা:)